গাজায় গনহত্যার প্রতিবাদে দুর্গাপুরে বিক্ষোভ মিছিল

নিজস্ব প্রতিবেদক:: রাজশাহীর দুর্গাপুর উপজেলায় দখলদার অবৈধ ইসরাইলি বাহিনীর ফিলিস্তিনের অবরুদ্ধ গাজা উপত্যকায় নৃশংস গণহত্যা ও বর্বরোচিত হামলার প্রতিবাদে বাংলাদেশ জামায়াতে ইসলামী দুর্গাপুর শাখার আয়োজনে এক বিশাল প্রতিবাদ মিছিল অনুষ্ঠিত হয়েছে।

৭ এপ্রিল (সোমবার) বিকাল ৫ টার দিকে দুর্গাপুর ফাজিল মাদ্রাসা প্রসঙ্গ থেকে মিছিল শুরু হয়ে দুর্গাপুর বাজারে বিভিন্ন গুরুত্বপূর্ণ এলাকা প্রদক্ষিণ করে মেডিকেল মোড়ে সংক্ষিপ্ত সমাবেশের মাধ্যমে শেষ হয়।

এসময় ‘নারায়ে তাকবির, আল্লাহু আকবার’, ‘বদরের হাতিয়ার গর্জে ওঠো আরেকবার’, ‘উহুদের হাতিয়ার গর্জে ওঠো আরেকবার’,
‘নেতানিয়াহু দুই গালে জুতা মারো তালে তালে;
ডোনাল্ড ট্রাম্পের দুই গালে জুতা মারো তালে তালে; স্লোগানে স্লোগানে চারপাশ প্রকম্পিত হতে থাকে।
উক্ত প্রতিবাদ মিছিলে উপস্থিত ছিলেন, রাজশাহী ৫ (পুঠিয়া - দুর্গাপুর) আসনে জামায়াত মনোনীত সাংসদ প্রার্থী নুরুজ্জামান লিটন, উপজেলা জামায়াতে ইসলামীর আমীর সাইফুল ইসলাম, সেক্রেটারি শামীম উদ্দিন, পৌর জামায়াতের আমীর নূর আলম, সেক্রেটারি শাহিনুর ইসলাম শ্রমিক কল্যাণ ফেডারেশনের দুর্গাপুর থানা শাখার সভাপতি আমজাদ হোসেন প্রমুখ নেতৃবৃন্দের নেতৃত্বে উপজেলা বিভিন্ন এলাকার থেকে আগত ৩ হাজার তৌহিদি জনতা মিছিলে অংশ নয়। মিছিল শেষে সংক্ষিপ্ত সভায় নুরুজ্জামান লিটন বলেন,
পৃথিবীর জনসংখ্যা ২৩ শতাংশ প্রায় ২০০ কোটি মুসলিম থাকলেও মাত্র দেড় কোটি ইহুদিদের বিরুদ্ধে যুদ্ধে বিজয়ী হতে পারছি না। মার্কিন যুক্তরাষ্ট্র ও তাদের মিত্রদের সহযোগিতায় বেপরোয়া ইজরায়েলি বাহিনী । সৌদি প্রিন্সরা মুসলিমদের এই দুর্দিনে আরাম আয়েশ করছে তাদের সঙ্গে বন্ধুত্ব করছে । দুর্গাপুর থেকে আমরা আর্থিক সহযোগিতা গাজার ভাই-বোনদের উদ্দেশ্যে পাঠিয়েছি। ভবিষ্যতে আপনারাও সহযোগিতা করে তাদের পাশে দাঁড়াবেন। প্রতিবাদের ধারা অব্যাহত রাখতে হবে। প্রয়োজনে বাংলাদেশ তৌহিদী জনতা আন্তর্জাতিক নিয়ম মেনে বাংলাদেশ সরকারের অনুমতি নিয়ে ফিলিস্তিনি মজলুম-দের

পক্ষে যুদ্ধ অংশগ্রহণ করতে প্রস্তুত। বক্তৃতা আরও বলেন অবিলম্বে গনহত্যা বন্ধ করতে হবে। ইসরায়েল সংশ্লিষ্ট পণ্য বাংলাদেশ নিষিদ্ধ করতে হবে। মজলুম গাজাবাসীরা জন্য আল্লাহর নিকট দোয়া প্রার্থনা মাধ্যমে আনুষ্ঠানিকতা শেষ হয়।